

## 50406 - পরীক্ষা করার জন্য রক্তের নমুনা গ্রহণ করলে রোয়া ভঙ্গবে না

### প্রশ্ন

পরীক্ষা করার জন্য ৫ সেমি রক্তের নমুনা গ্রহণ করলে সেটা কি রোয়ার উপর প্রভাব ফেলবে?

### প্রিয় উত্তর

এটি রোয়ার উপর কোন প্রভাব ফেলবে না। যেহেতু এটি অল্প; যা রোয়াদারকে দুর্বল করে না।

শাইখ বিন বায (রহঃ) কে রম্যানের রোয়া রাখা অবস্থায় পরীক্ষা করানোর জন্য রক্ত নেয়া সম্পর্কে জিজ্ঞেস করা হয়েছিল। জবাবে তিনি বলেন: এ ধরণের পরীক্ষা রোয়াকে নষ্ট করবে না। বরং এটি ক্ষমার্থ। কেননা এর প্রয়োজন রয়েছে। আর এটি শরিয়তের দলিল থেকে সুস্পষ্টভাবে অবগত রোয়া-ভঙ্গকারী বিষয়গুলোর শ্রেণীভুক্ত নয়।" [মাজমুউ ফাতাওয়া বিন বায (১৫/২৭৪)]

শাইখ উচ্চাইমীন (রহঃ) কে জিজ্ঞেস করা হয়েছিল: রোয়াদার ব্যক্তির রক্ত পরীক্ষা করা সম্পর্কে? জবাবে তিনি বলেন:

"পরীক্ষা করানোর জন্য রোয়াদারের শরীর থেকে রক্ত বের করা হলে রোয়া নষ্ট হবে না। কেননা অনেক সময় পরীক্ষা করার জন্য ডাক্তারকে রোগীর শরীর থেকে রক্ত নিতে হয়। এটি রোয়াকে নষ্ট করবে না। কেননা সেটা সামান্য রক্ত; যা শরীরের উপর শিংগার মত প্রভাব ফেলে না। তাই এটি রোয়া ভঙ্গকারী নয়। আসল অবস্থা হল: রোয়া আটুট থাকা। আমরা শরিয়তের দলিল ছাড়া রোয়াকে নষ্ট বলতে পারি না। এখানে এমন কোন দলিল নাই যে, এ সামান্যটুকু রক্ত নিলে রোয়াদারের রোয়া ভেঙ্গে যাবে। পক্ষান্তরে রোয়াদারের শরীর থেকে যদি বেশি পরিমাণ রক্ত নেয়া হয়; যেমন অন্য কোন মুখাপেক্ষী লোকের শরীরে পুশ করার জন্য যদি রোয়াদার থেকে শিংগার মত বেশি পরিমাণে রক্ত নেয়া হয় তাহলে এর দ্বারা তার রোয়া ভেঙ্গে যাবে। অতএব, কারো রোয়া যদি ফরয রোয়া হয় তার জন্য অন্যকে এত বেশি পরিমাণ রক্ত দান করা জায়েয হবে না। তবে রক্তপ্রার্থী রোগী যদি ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকে; যে অবস্থায় সূর্য ডোবা পর্যন্ত অপেক্ষা করার সুযোগ নাই এবং ডাক্তারেরা যদি এ সিদ্ধান্ত দেন এ রোয়াদারের রক্ত রোগীর কাজে আসবে এবং তার জরুরত পূর্ণ করবে তাহলে এমতাবস্থায় রক্ত দান করতে অসুবিধা নাই। সে ব্যক্তি রোয়া ভেঙ্গে ফেলে পানাহার করবে যাতে করে সে শক্তি ফিরে পায় এবং এ দিনটির রোয়া অন্যদিন কায়া করবে।" [সমাপ্ত]